

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১৪

শান্তিরবাজার, ২৪ এপ্রিল, ২০২৫

জল জীবন মিশনে জোলাইবাড়ি রুকে  
১,৪৯২টি বাড়িতে পানীয় জলের সংযোগ

পাইপ লাইনের মাধ্যমে ঘরে ঘরে পরিশুত পানীয় জল সরবরাহের লক্ষ্যে জল জীবন মিশন ২.০ এর আওতায় গত অর্থবছরে জোলাইবাড়ি রুক এলাকায় ১৪৯২টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। এখন পর্যন্ত এই রুক এলাকায় মোট ১৩ হাজার ২৯৯ টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। এই রুকে বাড়ি রয়েছে ১৮ হাজার ২০৫৮টি। এরফলে রুক এলাকার ৭২.৮৪ শতাংশ বাড়ি পানীয় জলের সংযোগের আওতায় এসেছে। বাকী বাড়িগুলিতে পানীয় জলের সংযোগ প্রদানের কাজ চলছে। পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের বিলোনীয়া নির্বাহী বাস্তুকারের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*